


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



নং-৪৬.৪২.১৩০০.০০০.৯৯.০২১.১৫.১১৯৬

১১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাঁদপুর জেলা পরিষদে মালিকানাধীন জায়গায় বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ প্রকল্প বাতিলের আবেদন সংক্রান্ত।


সূত্রঃ বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রামের স্মারক নং-০০.৪২.০০০.৪১.০৫.০৩০(১).২০১৬-১৩৮
তারিখঃ ৫/২/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে চাঁদপুর জেলার বাবুরহাট বাজারে জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণের জন্য জেলা পরিষদ, চাঁদপুর থেকে প্রস্তাব প্রেরণ করা হয়। বর্ণিত প্রকল্পটি বাতিলের জন্য লীজিংয়ের পক্ষে জনৈক মোখলেছুর রহমান এ বিভাগে আবেদন দাখিল করেন। সূত্রোক্ত স্মারকে তদন্তপূর্বক মতামত দেয়া হয়। তদন্তের মতামতে “প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ স্ট্যাকহোল্ডার হিসেবে স্থানীয় ইজারাদার/ব্যবসায়ীদের আস্থা অর্জন করা প্রকল্প বাস্তবায়নের অনিবার্য অনুষঙ্গ” মর্মে উল্লেখ রয়েছে।

২। ইতোমধ্যে মার্কেট নির্মাণ প্রকল্পটি বাতিলের জন্য কাজী শাহাদাৎ হোসেন, সভাপতি, বাবুরহাট বাজার ব্যবসায়ী সমিতি পুনরায় এ বিভাগে আবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, চাঁদপুর জেলার বাবুরহাট বাজারে জেলা পরিষদের মালিকানাধীন জায়গায় বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে সুচিন্তিত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জুবাইদা নসরীম)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

বিভাগীয় কমিশনার
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, চাঁদপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। কাজী শাহাদাৎ হোসেন, সভাপতি, বাবুরহাট বাজার ব্যবসায়ী সমিতি, চাঁদপুর।